

মাঝ আকাশে বিমানে অক্সিজেন বিপর্যয়, জরুরি অবতরণ

- A Monitor Desk Report

Date: 01 March, 2025



ঢাকা: বিমান বাংলাদেশ এয়ারলাইনসের ব্যাংককগামী একটি উড়োজাহাজে মাঝ আকাশে অক্সিজেনের পরিমাণ কমে যাওয়ায় ঢাকায় ফিরে এসেছে। ফ্লাইটটিতে মোট কতজন যাত্রী ছিল তা জানা যায়নি।

শুক্রবার (২৮ ফেব্রুয়ারি) দুপুরে মিয়ানমারের আকাশ থেকে ফিরে আসে ফ্লাইটটি। ঢাকা থেকে ব্যাংককগামী বিজি ৩৮৮ ফ্লাইটটির উড়োজাহাজ ছিল বোয়িং ৭৩৭-৮০০ মডেলের।

হযরত শাহজালাল আন্তর্জাতিক বিমানবন্দর সূত্র জানিয়েছে, ঢাকা থেকে ব্যাংককগামী ফ্লাইটটি দুপুর ১২টায় বিমানবন্দর থেকে ওড়ে। এর ঘণ্টাখানেক পর উড়োজাহাজটি যখন মিয়ানমারের আকাশ সীমায় তখন হঠাৎ কেবিন প্রেসার কমে যায়। অক্সিজেনের পরিমাণ কম থাকায় স্বয়ংক্রিয়ভাবে অক্সিজেন মাস্ক নেমে আসে।

তখন উড়োজাহাজটি ২৫ হাজার ফুট উচ্চতায় ছিল। এ সময় যাত্রীদের মধ্যে আতঙ্ক সৃষ্টি হয়। পাইলট দ্রুত উড়োজাহাজটিকে ১০ হাজার ফুট উচ্চতায় নামিয়ে আনেন। পরে তিনি ঢাকায় ফেরার সিদ্ধান্ত নেন। প্রায় এক ঘণ্টা পর দুপুর ২টার দিকে উড়োজাহাজটি নিরাপদে ঢাকা শাহজালাল আন্তর্জাতিক বিমানবন্দরে অবতরণ করে।

এদিকে অবতরণের পর বিমানে থাকা সব যাত্রীদের টার্মিনালে নিয়ে যাওয়া হয়। যাত্রীদের একটি অন্য উড়োজাহাজে তোলা হয়।

বিমান বাংলাদেশ এয়ারলাইন্স সূত্র জানায়, বিমানের সব যাত্রী নিরাপদে আছেন এবং তাদের দুর্ভোগ দূর করার জন্য এয়ারলাইন্স কর্তৃপক্ষ দ্রুত ব্যবস্থা গ্রহণ করেছে।

এদিকে, বিমানের মহাব্যবস্থাপক (জনসংযোগ) বোসরা ইসলাম এক বিজ্ঞপ্তিতে জানিয়েছেন, বিমান বাংলাদেশ এয়ারলাইন্স'র বিজি ৩৮৮ শুক্রবার (২৮ ফেব্রুয়ারি) সকাল ১১:৪৭ মিনিটে ১৩৩ জন সম্মানিত যাত্রী নিয়ে ব্যাংককের উদ্দেশ্যে হযরত শাহজালাল আন্তর্জাতিক বিমানবন্দরে থেকে উড্ডয়ন করে। মিয়ানমারের আকাশে প্রবেশের পরে বিমানের প্রেসারাইজেশন কিছুটা কমে যায়। উক্ত ফ্লাইটের পাইলট ইন কমান্ড যাত্রীদের সুরক্ষার্থে অতিরিক্ত সতর্কতার পথ অবলম্বন করেন এবং ম্যানুয়ালি বিমানের অক্সিজেন মাস্ক একটিভেট করেন। পরবর্তী বেলা ১৩:৫৮ মিনিটে বিমানের পাইলট ইন কমান্ড উড়োজাহাজটি ঢাকাতে ফিরিয়ে আনেন। ঢাকাতে নিরাপদে অবতরণের পরে যাত্রীদের অপর একটি উড়োজাহাজে বেলা ১৭:২৬ মিনিটে ঢাকা থেকে ব্যাংককে প্রেরণ করা হয়। যাত্রীদের নিয়ে বিমানের উক্ত ফ্লাইট নিরাপদে ব্যাংককে অবতরণও করেছে। নিয়ন্ত্রণ বহির্ভূত কারণে উক্ত ফ্লাইট এর যাত্রীদের কাছে বিমান বাংলাদেশ এয়ারলাইন্স অত্যন্ত দুঃখ প্রকাশ করেছে।

-B